

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮৮

অমরপুর, ২ নভেম্বর, ২০২৪

চন্দীবাড়ি মাঠে দীপাবলির সূচনা অনুষ্ঠানে সাংসদ

অমরপুর চন্দীবাড়ি সংলগ্ন মাঠে সম্প্রতি ৪ দিনব্যাপী দীপাবলি উৎসবের সূচনা করেন সাংসদ বিপ্লব কুমার দেব। অনুষ্ঠানে সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, মঙ্গল চন্দী মাতা মন্দিরের সুদীর্ঘ ইতিহাস রয়েছে। সেজন্য বিদেশী পর্যটকরাও অমরপুরের ছবিমুড়া দেখতে আসেন। আগে ছবিমুড়া যাওয়ার জন্য তেমন রাস্তা ঘাট ছিল না। বর্তমানে রাজ্য সরকার প্রশংস্ত রাস্তা তৈরী করে দিয়েছে। ফলে পর্যটকের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি স্থানীয় মানুষের আর্থিক ও সামাজিক উন্নতিও হচ্ছে। এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক রাজ্ঞিত দাস। উপস্থিতি ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা এবং অমরপুর মহকুমার মহকুমা শাসক অনুপম চক্রবর্তী, অমরপুর গ্রামের বিডিও উৎপল দাস প্রমুখ। সভাপতিত্ব করেন দীপাবলি উৎসব উদযাপন কমিটির চেয়ারম্যান উত্তম সাহা।

\*\*\*\*\*